# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫৯২

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ দুই সালাত এক সাথে আদায় করতে চাইলে দুই সালাতের মাঝে সামান্য কাজ-কর্ম করা জায়েয

## ذِكْرُ الْإِبَاحَةِ لِلْمَرْءِ أَنْ يَعْمَلَ الْعَمَلَ الْيَسِيرَ بَيْنَ الصَّلَاتَيْنِ إِذَا أَرَادَ الْجَمْعَ بَيْنَهُمَا

আরবী

1592 ـ أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ إِدْرِيسَ الْأَنْصَارِيُّ قَالَ: أَخْبَرَنَا أحمد بن أبي بكر عن مالك عن مُوسَى بْنِ عُقْبَةَ عَنْ كُرَيْبٍ مَوْلَى ابْنِ عَبَّاسٍ: عَنْ أُسَامَةَ بْنِ زَيْدٍ أَنَّهُ سَمِعَهُ يَقُولُ: خَرَجَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَوْمَ عَرَفَةَ حَتَّى إِذَا كَانَ بالشِّعْبِ نَزَلَ فَبَالَ ثُمَّ تَوَضَّأَ وَلَمْ يُسبغ الْوُضُوءَ فَقُلْتُ لَهُ: الصَّلَاةَ فَقَالَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (الصَّلَاةُ أَمَامَكَ) فَرَكِبَ فَلَمَّا جَاءَ الْمُزْدَلِفَةَ نَزَلَ فَتَوَضَّأَ فَأَسْبَغَ الْوُضُوءَ ثُمَّ أُقيمت الصَّلَاةُ فَصَلَّى الْمَغْرِبَ ثُمَّ أَنَاخَ كُلُّ إِنْسَانٍ بَعِيرَهُ فِي مَنْزِلِهِ ثُمَّ أُقِيمَتِ الْعِشَاءُ فَصَلَّاهَا وَلَمْ يُصَلِّ بينهما.

الراوي : أُسَامَة بْن زَيْدٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1592 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (1681)

বাংলা

১৫৯২. উসামা বিন যাইদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আরাফার দিন বের হয়ে যখন উপত্যকার গিরিপথের জায়গায় আসেন, তখন তিনি সেখানে নামেন অতঃপর তিনি পেশাব করেন তারপর তিনি ওযূ করেন কিন্তু তিনি পরিপূর্ণভাবে ওযূ করেননি। আমি তাঁকে বললাম, “সালাত।” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “সালাত সামনে আদায় করা হবে।” রাবী বলেন, “তারপর তিনি বাহনে আরোহন করেন, অতঃপর যখন তিনি মুযদালিফায় আসেন, তখন তিনি বাহন থেকে নামেন এবং পরিপূর্ণভাবে ওযূ করেন। তারপর সালাতের ইকামাত দেওয়া হলে তিনি মাগরিবের সালাত আদায় করেন। তারপর প্রত্যেক ব্যক্তি স্বীয় জায়গায় নিজের উট বসায়। তারপর ইশার সালাতের ইকামত দেওয়া হলে তিনি

ইশার সালাত আদায় করেন। উভয় সালাতের মাঝে আর কোন সালাত আদায় করেননি।” [1]

## ফুটনোট

[1] বাগাবী, শারহুস সুন্নাহ: ১৯৩৭; মুয়াত্তা ইমাম মালিক: ১/৪০০-৪০১; মুসনাদ আহমাদ: ৫/২০৮; সহীহ আল বুখারী: ১৩৯; সহীহ মুসলিম: ১২৮০; আবূ দাউদ: ১৯২৫; তাহাবী, শারহু মা'আনিল আসার: ২/২১৪; সুনান বাইহাকী: ৫/১২২; তাবারানী আল কাবীর: ৩৮৬; দারেমী: ২/৫৮; নাসাঈ: ১/২৯২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১৬৮১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ উসামাহ ইবনু যায়দ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91186

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন